

## বাংলাদেশ

# ফেসবুকে সরাসরি সম্প্রচারে মেয়র আনিসুল হক

নিজস্ব প্রতিবেদক



আনিসুল হক

দায়িত্ব পালনের এক বছর পূর্তি উপলক্ষে আজ বৃহস্পতিবার রাত আটটায় সরাসরি ভিডিও সম্প্রচারের মাধ্যমে নাগরিকদের মুখোমুখি হবেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। গতকাল বুধবার নাগরিকদের প্ল্যাটফর্ম ‘আমরা ঢাকা’ নামের একটি সংগঠনের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত বছরের ১৪ মে মেয়র হিসেবে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব নেওয়ার পর থেকে নাগরিকদের বিভিন্ন সমস্যা সমাধান করে আসছেন আনিসুল হক। তারই

ধারাবাহিকতায় আজ রাত ৮টা থেকে ১০টা পর্যন্ত আমরা ঢাকার

ফেসবুক পেজে সরাসরি ভিডিও সম্প্রচারের মাধ্যমে নাগরিকদের মুখোমুখি হবেন তিনি। এটাই হবে দেশে কোনো জনপ্রতিনিধির ক্ষেত্রে প্রথম জবাবদিহিমূলক ওয়েব কাস্টিং। এতে তিনি তাঁর এক বছরের অভিজ্ঞতা নগরবাসীর সঙ্গে ভাগাভাগি করবেন। আমরা ঢাকার ফেসবুক পেজের ঠিকানা <https://www.facebook.com/AmraDhaka/>। বিজ্ঞপ্তি।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



---

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো